**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন শাখা-০২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd



## বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১৩-২০তম গ্রেডের শূন্য পদে কর্মচারী নিয়োগ প্রদানের লক্ষ্যে আবেনকারী প্রার্থীদের নিম্নবর্ণিত তারিখ, সময় ও কেন্দ্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| গ্রেড | পদের নাম | রোল নম্বর | লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| **১৩-২০তম গ্রেড** | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) | ১১০০০০০১ থেকে ১১০০২০১৪ | ১২/০৯/২০২৬ তারিখ বিকাল ০৩:০০টা-০৪:৩০টা | আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা |
| | কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) | ১২০০০০০১ থেকে ১২০০০৩৪৮ | | |
| | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬তম গ্রেড) | ১৩০০০০০১ থেকে ১৩০০৭৮৪২ | | ইডেন মহিলা কলেজ, ঢাকা |
| | অফিস সহায়ক (২০তম গ্রেড) | ১৪০০০০০১ থেকে ১৪০০৮০০০ | ১৮/০৯/২০২৬ তারিখ বিকাল ০৩:০০টা-০৪:০০টা | ইডেন মহিলা কলেজ, ঢাকা |
| | | ১৪০০৮০০১ থেকে ১৪০১২৬৬৪ | | আজিমপুর গভঃ গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা |
| | **মোট =** | ২২৮৬৮ জন | | |

শর্তাবলি:

১. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশপত্র প্রদান করা হবে না;
২. লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার্থী অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;
৩. পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়িসহ যেকোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না;
৪. পরীক্ষা চলাকালে কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৫. আবেদনপত্রের ছবি/স্বাক্ষরের সাথে কোনো পরীক্ষার্থীর চেহারা/স্বাক্ষরের মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৬. পরীক্ষার্থীকে কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা নিষিদ্ধ;
৭. ব্যবহৃত প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে;
৮. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, নাগরিকত্ব সনদ ('নিজ জেলা'র প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের সনদ) এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক উক্ত সনদের এক সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৯. মৌখিক পরীক্ষার সময় কোটায় আবেদনকারী প্রার্থীকে তার কোটার স্বপক্ষে দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে;
১০. পরীক্ষা সংক্রান্ত তথ্য এবং ফলাফল সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (https://moca.gov.bd) প্রকাশ করা হবে;
১১. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
১২. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

০৮.০৯.২৬

(ফারজানা জেসমিন)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮০০
e-mail: ds_admin2@moca.gov.bd